# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর-১৭০৪

### জাতীয় বিশ্ববিদ্যালয় আইন ১৯৯২ এর ৪৬ নম্বর ধারা মোতাবেক প্রণীত
### ব্যাচেলর অব এডুকেশন (বি.এড)/বিএম.এড কোর্সের রেগুলেশন ২০১৭
### গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতি অনুযায়ী
### (২০১৭ শিক্ষাবর্ষ থেকে কার্যকর)

১। প্রোগ্রামের মেয়াদ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিএড/বিএম.এড কোর্স এর মেয়াদ হবে ০১ (এক) বছর, যা ২টি সেমিস্টারে সম্পন্ন করা হবে।

২। ভর্তির যোগ্যতা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় বা অধিভুক্ত কলেজ হতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান/পাস) বা সমমান ডিগ্রিধারী ব্যক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্ত অনুযায়ী বিএড কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। শিক্ষা জীবনে এসএসসি থেকে স্নাতক (সম্মান/পাস) ডিগ্রি পযর্ন্ত ন্যূনতম মোট ০৫ (পাঁচ) পয়েন্ট অথবা গ্রেড পয়েন্ট ০৭ (সাত) থাকতে হবে।

খ) ভর্তির শর্তাবলি পূরণ করলে এবং আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকার ভিত্তিতে ভর্তি হবেন।

৩। রেজিস্ট্রেশন

ক) বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী একজন প্রার্থী পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে এই কোর্সে ভর্তি হবে।

খ) উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে ০৩ (তিন) বছর অর্থাৎ একজন শিক্ষার্থীকে সর্বোচ্চ তিন (০৩) শিক্ষাবর্ষের মধ্যে বিএড/বিএমএড কোর্স সম্পন্ন করে ডিগ্রি অর্জন করতে হবে।

৪। সেমিস্টারভিত্তিক কোর্স, ক্রেডিট ও নম্বরবন্টন

**১ম সেমিস্টার ( ০১ জানুয়ারি -৩০ জুন)**

| কোর্স কোড | কোসের্র শিরোনাম (Course Title) | মার্কস | ক্রেডিট |
|---|---|---|---|
| 812201 | মাধ্যমিক শিক্ষা (Secondary Education) | ১০০ | ৪ |
| 812203 | শিখন-শেখানো দক্ষতা ও কৌশল (Teaching-Learning Skills and Techniques) | ১০০ | ৪ |
| 812205 | শিখন ও শিখন যাচাই (Learning and Assessment) | ১০০ | ৪ |
| 812207 | শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (Information and Communication Technology in Education) | ১০০ | ৪ |
| 812216 | পাঠদান অনুশীলন-১ (Teaching Practice-1)<br>কলেজভিত্তিক প্রদর্শন পাঠ, ছদ্মশিক্ষণ ও বিদ্যালয়ভিত্তিক পাঠদান অনুশীলন ৪ (২+২) সপ্তাহ (College based demonstration teaching and school based teaching practice (2+2) 4 weeks) | ৫০ | ২ |

**শিক্ষণ কোর্সসমূহ (Teaching Course)**

নিম্নোক্ত যে কোন একটি শাখা থেকে দুটি শিক্ষণ বিষয় নির্বাচন করতে হবে

(Select any two from one group)

| | | | | |
|---|---|---|---|---|
| 812221 | বাংলা শিক্ষণ (Teaching Bangla) | মানবিক শাখা (Humanities Group) যে কোন ২টি বিষয় নির্বাচন করতে হবে। | ২০০ | যে কোন ২টি<br>৪ × ২ = ৮ |
| 812223 | ইংরেজি শিক্ষণ (Teaching English) | | | |
| 812225 | বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা শিক্ষণ (Teaching History of Bangladesh and World Civilization) | | | |
| 812227 | পৌরনীতি ও নাগরিকতা শিক্ষণ (Teaching Civics and Citizenship) | | | |
| 812229 | অর্থনীতি শিক্ষণ (Teaching Economics) | | | |
| 812231 | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় শিক্ষণ (Teaching Bangladesh and Global Studies) | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| 812233 | ভূগোল ও পরিবেশ শিক্ষণ (Teaching Geography and Environment) | | | |
| 812235 | এডভান্সড আইসিটি শিক্ষণ (Teaching Advanced ICT) | | | |
| 812237 | গণিত শিক্ষণ (Teaching Mathematics) | বিজ্ঞান শাখা (Science Group) যে কোন ২টি বিষয় নির্বাচন করতে হবে। | ২০০ | যে কোন ২টি ৪×২ = ৮ |
| 812239 | পদার্থবিজ্ঞান শিক্ষণ (Teaching Physics) | | | |
| 812241 | রসায়ন শিক্ষণ (Teaching Chemistry) | | | |
| 812243 | জীববিজ্ঞান শিক্ষণ (Teaching Biology) | | | |
| 812235 | এডভান্সড আইসিটি শিক্ষণ (Teaching Advanced ICT) | | | |
| 812245 | ব্যবসায় উদ্যোগ শিক্ষণ (Teaching Business Entrepreneurship) | ব্যবসায় শিক্ষা শাখা (Business Studies Group) যে কোন ২টি বিষয় নির্বাচন করতে হবে। | ২০০ | যে কোন ২টি ৪×২ = ৮ |
| 812247 | হিসাববিজ্ঞান শিক্ষণ (Teaching Accounting) | | | |
| 812249 | ফিনান্স ও ব্যাংকিং শিক্ষণ (Teaching Finance & Banking) | | | |
| 812235 | এডভান্সড আইসিটি শিক্ষণ Teaching Advanced ICT | | | |
| | বিএমএড শিক্ষার্থীদের জন্য | | | |
| 812251 | আল-কুরআন ও তাজবিদ শিক্ষণ (Teaching Al-Quran) | মাদ্রাসা শিক্ষা শাখা (Madrasha education) যে কোন ২টি বিষয় নির্বাচন করতে হবে। | ২০০ | যে কোন ২টি ৪×২ = ৮ |
| 812253 | আল- হাদিস শিক্ষণ (Teaching Al-Hadith) | | | |
| 812255 | আরবি শিক্ষণ (Teaching Arabic) | | | |
| 812257 | আকাইদ ও ফিকহ্ শিক্ষণ (Teaching Aqaid and Fiqh) | | | |
| 812235 | এ্যাডভান্সড আইসিটি শিক্ষণ (Teaching Advanced ICT) | | | |
| | | মোট = | ৬৫০ | ২৬ |

## ২য় সেমিস্টার ( ০১ জুলাই -৩১ ডিসেম্বর)

| বিষয় কোড | বিষয়ের শিরোনাম | নম্বর | ক্রেডিট |
|---|---|---|---|
| 822261 | একীভূত শিক্ষা (Inclusive Education) | ১০০ | ৪ |
| 822263 | শিক্ষায় গবেষণা (Research in Education) | ১০০ | ৪ |
| 822266 | **পাঠদান অনুশীলন-২ (Teaching Practice-2)** **বিদ্যালয়ভিত্তিক পাঠদান অনুশীলন ৮ সপ্তাহ** School based teaching practice (4+4) 8 weeks | ১০০ | ৪ |
| | **চূড়ান্ত পাঠদান অনুশীলন** | ৫০ | ২ |
| 822269 | ৬টি আবশ্যিক বিষয়ের উপর ২ ঘণ্টাব্যাপী একটি কম্প্রিহেনসিভ লিখিত পরীক্ষা (Two hours comprehensive written exanimation on six compulsory subjects) | ৫০ | ২ |
| 822270 | অভ্যন্তরীণ ও বহিঃ পরীক্ষকের উপস্থিতিতে মৌখিক পরীক্ষা (Viva- voce in presence of internal and external examiners) | ৫০ | ২ |
| | **নৈর্বাচনিক কোর্স (Elective Course)** **যে কোন একটি বিষয় নির্বাচন করতে হবে** | | |
| 822271 | প্রাথমিক শিক্ষা (Primary Education) | ১০০ | যে কোন |
| 822229 | এবতেদায়ি শিক্ষা (Ebtedaee Education) বিএমএড শিক্ষার্থীদের জন্য। | | |
| 822273 | গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান শিক্ষণ (Teaching Library and information Science) | | |

| | | | |
|---|---|---|---|
| 822275 | চারু ও কারুকলা শিক্ষণ (Teaching Arts and crafts) | | ১টি<br>৪ × ১ = ৪ |
| 822277 | শারীরিক শিক্ষা,স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা শিক্ষণ (Teaching Physical Education, Health Science And Sports) | | |
| 822293 | ইসলামের ইতিহাস শিক্ষণ (Teaching Islamic History) (বিএমএড শিক্ষার্থীদের জন্য) | | |
| 822279 | কৃষি শিক্ষা শিক্ষণ (Teaching Agriculture Studies) | | |
| 822281 | গার্হস্থ্য অর্থনীতি শিক্ষণ (Teaching Home Science) | | |
| 822283 | ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা (Teaching Islam and Moral Education) | | |
| 822285 | হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ (Teaching Hindu Religion and Moral Education) | | |
| 822287 | বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ (Teaching Buddist Religion and Moral Education) | | |
| 822289 | খ্রিস্ট ধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ (Teaching Christ Religion and Moral Education) | | |
| | মোট = | ৫৫০ | ২২ |

সর্বমোট = ২৬+২২= ৪৮ ক্রেডিটস

## ৫। ক্রেডিট ও ঘণ্টা

৬০ মিনিট/১ ঘণ্টার ১০টি ক্লাস ১ ক্রেডিট হিসেবে গণ্য হবে।

## ৬। সেমিস্টারভিত্তিক বিষয়, ক্রেডিট ও ক্রেডিট ঘণ্টা বিভাজন

| প্রথম সেমিস্টার<br>০১ জানুয়ারি- ৩০ জুন | ক্রেডিট | ক্রেডিট ঘণ্টা | দ্বিতীয় সেমিস্টার<br>০১ জুলাই- ৩১ ডিসেম্বর | ক্রেডিট | ক্রেডিট ঘণ্টা |
|---|---|---|---|---|---|
| মাধ্যমিক শিক্ষা | ৪ | ৪০ | একীভূত শিক্ষা | ৪ | ৪০ |
| শিখন- শেখানো দক্ষতা ও কৌশল | ৪ | ৪০ | শিক্ষায় গবেষণা | ৪ | ৪০ |
| শিখন ও শিখন যাচাই | ৪ | ৪০ | নৈর্বাচনিক বিষয় (যে কোন ১টি) | ৪ | ৪০ |
| শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ৪ | ৪০ | অনুশীলন পাঠদান-২ (৮ সপ্তাহ)<br>(মাধ্যমিক বিদ্যালয়ে প্রত্যক্ষ শ্রেণি পাঠদান) | ৪ | ৪০ |
| | | | চূড়ান্ত অনুশীলন পাঠদান | ২ | ২০ |
| ২টি শিক্ষণ বিষয়াবলি (৪×২) | ৮ | ৮০ | কম্প্রিহেনসিভ পরীক্ষা | ২ | ২০ |
| পাঠদান অনুশীলন-১ (৪ সপ্তাহ) | ২ | ২০ | মৌখিক পরীক্ষা | ২ | ২০ |
| মোট | ২৬ | ২৬০ | মোট | ২২ | ২২০ |
| সর্বমোট ক্রেডিট | | ২৬+২২= ৪৮ | | | |
| প্রত্যক্ষ ক্রেডিট ঘণ্টা | | ২৬০+২২০=৪৮০ | | | |
| নির্দেশিত শিখন | | নন ক্রেডিট ঘণ্টা-৫২০ (লাইব্রেরি ওয়ার্ক, পাঠ পরিকল্পনা প্রণয়ন, উপকরণ তৈরি, ডিজিটাল কনটেন্ট তৈরি, এসাইনমেন্ট লিখন, প্রতিফলন দিনলিপি লিখন, গবেষণা কর্ম পরিচালনা ও প্রতিবেদন প্রণয়ন, সহশিক্ষাক্রমিক কার্যাবলি, জাতীয় দিবস উদযাপন, প্রাতঃসমাবেশ, পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান ) | | | |
| সর্বমোট | | ১০০০ ঘণ্টা | | | |

## ৭। পাঠদান ও শ্রেণি শিক্ষা কার্যক্রম

ক) পাঠদানের মাধ্যম হবে বাংলা অথবা ইংরেজ। পরীক্ষার উত্তরপত্রে বাংলা অথবা ইংরেজ ভাষার যে কোন একট মাধ্যমে লিখতে হবে। উদ্ধৃতি ও টেকনিক্যাল শব্দ ব্যতীত একই কোর্সের উত্তর পত্রে বাংলা ও ইংরেজি মিশ্রণগ্রহণযোগ্য হবে না।

খ) প্রতি কোর্সে সপ্তাহে কমপক্ষে ০৪(চার) দিন নিয়মিতভাবে শ্রেণি শিক্ষাকার্যক্রম পরিচালিত হচ্ছে কি-না তা জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিদর্শন টিম কর্তৃক মনিটরিং করা হবে। এর ব্যতয় ঘটলে উক্ত প্রতিষ্ঠানের অধিভুক্তি বাতিলের পদক্ষেপগ্রহণ করা হবে।

৮। শিখন- শেখানো পদ্ধতি ও কৌশল

| | |
|---|---|
| ✓ বক্তৃতা<br>✓ দলীয় কাজ<br>✓ বিদ্যালয় পরিদর্শন ও পর্যবেক্ষণ<br>✓ দলীয় আলোচনা<br>✓ মাথা খাটানো<br>✓ মাইন্ড ম্যাপিং<br>✓ দলীয় প্রকল্প/অনুসন্ধান<br>✓ সতীর্থ শিক্ষণ<br>✓ অনুশিক্ষণ<br>✓ পোস্টবক্স<br>✓ বিতর্ক | ✓ কর্মশালা<br>✓ এক্সপার্ট জিগস<br>✓ ফিশ বোল<br>✓ সেমিনার<br>✓ প্রদর্শন<br>✓ ভূমিকাভিনয়<br>✓ সিমুলেশন<br>✓ অতিথি বক্তৃতা<br>✓ প্রতিফলন দিনলিপি<br>✓ কর্মসহায়ক গবেষণা<br>✓ ব্যবহারিক কাজ<br>✓ ওয়াকিং ওয়াল |

* শ্রেণি কার্যক্রম পরিচালনায় তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে। উপর্যুক্ত শিখন-শেখানো কলাকৌশল ছাড়াও শিক্ষক প্রশিক্ষক তাঁর পরিকল্পনা মাফিক সৃজনশীল যে কোন কলাকৌশল ব্যবহার করতে পারবেন।

৯। **শিক্ষণ উপকরণ**

যে সব সরঞ্জাম, যন্ত্রপাতি বা জিনিসপত্র ব্যবহার করে শিক্ষার্থীদের কল্পনাশক্তি জাগিয়ে তোলা যায় এবং শিখনের বিষয়বস্তু তাদের কাছে সহজ, আর্কষণীয়, বোধগম্য ও দীর্ঘস্থায়ী করে তোলা যায় তাকে শিক্ষা উপকরণ বা শিক্ষা সহায়ক উপকরণ বলে।

- ✓ দর্শন উপকরণ: ইমেজ,মডেল, বাস্তব উপকরণ, পাঠ্যপুস্তক, চকবোর্ড, হোয়াইট বোর্ড, চার্ট, ফ্লিপচার্ট
- ✓ শ্রবণ উপকরণ: রেডিও, টেপরেকর্ডার
- ✓ শ্রবণ-দর্শন উপকরণ: টেলিভিশন, ভিসিপি, কম্পিউটার;
- ✓ কর্মসম্পাদনমূলক উপকরণ: ব্যক্তি, দর্শনীয় বস্তু,
- ✓ শিক্ষা প্রযুক্তিভিত্তিক উপকরণ: অডিও/ভিডিও, প্রোগ্রামভিত্তিক শিখন, ই-মেইল, ইন্টারনেট,ই-লার্নিং মাল্টিমিডিয়া প্রজেক্টর,স্মার্ট বোর্ড।

১০। পরীক্ষার নীতিমালা

ক) **পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:** চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা হিসাবে ক্লাশে সর্বনিম্ন ৭৫% উপস্থিত থাকতে হবে। বিশেষ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তপক্ষের সুপারিশের ভিত্তিতে উপস্থিত ৭৫%-এর কম এবং ৬০% বা তার বেশি থাকলে তা বিবেচনার করা হবে।।

খ) পরীক্ষার জন্য প্রেরিত পরীক্ষার্থীদের আবেদনপত্রে বিভাগীয় প্রধান/পরিচালক/অধ্যক্ষ/একাডেমিক কমিটির সভাপতি প্রত্যয়ন করবেন যে-

(১) পরীক্ষার্থীর আচরণ সন্তোষজনক;

(২) ক্লাসে উপস্থিত সন্তোষজনক;

(৩) পরীক্ষার্থী সকল অভ্যন্তরীণ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক আরোপিত সকল শর্ত পূরণ করেছে;

(গ) কোন শিক্ষার্থীর ইন-কোর্স/ অভ্যন্তরীণ নম্বর পাওয়া না গেলে উক্ত শিক্ষার্থী পরীক্ষার ফরম পূরণ করতে পারবে না। ইন-কোর্স, ব্যবহারিক, মৌখিক, অনুশীলনী পাঠদান পরীক্ষার নম্বর, অন-লাইনে এন্ট্রি করে পাঠাতে হবে। [মার্কস সীটে সংশ্লিষ্টদের স্বাক্ষর ও ব্যাখ্যাসহ পরীক্ষার ফলাফল প্রকাশের পূর্বে পাঠাতে হবে।

**ঘ) পরীক্ষার সময়**

তত্ত্বীয় কোর্স

১০০ নম্বরের ৪ ক্রেডিট কোর্সের জন্য = ৪ ঘণ্টা

৫০ নম্বরের ২ ক্রেডিট কোর্সের জন্য = ৩ ঘণ্টা

৬০ নম্বরের তত্ত্বীয় কোর্সের জন্য= ৩ ঘণ্টা

ব্যবহারিক কোর্স: ৭৫ নম্বরের ৩ ক্রেডিট কোর্সের জন্য ৩ ঘণ্টা (সংশ্লিষ্ট সিলেবাস নির্ধারণ করা থাকবে)।

৫০ নম্বরের ২ ক্রেডিট কোর্সের জন্য ২ ঘণ্টা (সংশ্লিষ্ট সিলেবাসে নির্ধারিণ করা থাকবে)।

### ঘ) কোর্স ভিত্তিক পরীক্ষা গ্রহণ ও নম্বর বন্টন

প্রতিটি বিষয়ে ১০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে যার মধ্যে ৬০ নম্বরের ৩ ঘণ্টার লিখিত পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত হবে এবং ৪০ নম্বরের অভ্যন্তরীণ পরীক্ষা কলেজ কর্তৃক গৃহীত হবে। সেমিস্টার ও সেমিস্টার ফাইনালের নম্বর বিভাজন নিম্নরূপ-

| বিষয়ের ধরন | বিষয়ের নাম | নম্বর বন্টন | | |
|---|---|---|---|---|
| | | অভ্যন্তরীণ | চূড়ান্ত | মোট |
| আব্যশিক বিষয় | মাধ্যমিক শিক্ষা | ৪০ | ৬০ | ১০০ |
| | শিখন-শেখানো দক্ষতা ও কৌশল | ৪০ | ৬০ | ১০০ |
| | শিখন ও শিখন যাচাই | ৪০ | ৬০ | ১০০ |
| | শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ৪০ | ৬০ | ১০০ |
| | একীভূত শিক্ষা | ৪০ | ৬০ | ১০০ |
| | শিক্ষায় গবেষণা | ৪০ | ৬০ | ১০০ |
| পাঠদান অনুশীলন ও মৌখিক | পাঠদান অনুশীলন-১ | ৫০ | - | ৫০ |
| | পাঠদান অনুশীলন-২ | ১০০ | - | ১০০ |
| | চূড়ান্ত পাঠদান অনুশীলন | - | ৫০ | ৫০ |
| | মৌখিক পরীক্ষা | - | ৫০ | ৫০ |

| | | | | |
|---|---|---|---|---|
| যে কোন একটি শাখা থেকে ২টি বিষয় নির্বাচন করতে হবে | | | | |
| শিক্ষণ বিষয়াবলি | **মানবিক শাখা** | ৪০+৪০ = ৮০ | ৬০+৬০ = ১২০ | ২০০ |
| | বাংলা শিক্ষণ | | | |
| | ইংরেজি শিক্ষণ | | | |
| | বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা শিক্ষণ | | | |
| | পৌরনীতি ও নাগরিকতা শিক্ষণ | | | |
| | অর্থনীতি শিক্ষণ | | | |
| | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় শিক্ষণ | | | |
| | ভূগোল ও পরিবেশ শিক্ষণ | | | |
| | এডভান্সড আইসিটি শিক্ষণ | | | |
| | **বিজ্ঞান শাখা** | | | |
| | গণিত শিক্ষণ | | | |
| | পদার্থবিজ্ঞান শিক্ষণ | | | |
| | রসায়ন শিক্ষণ | | | |
| | জীববিজ্ঞান শিক্ষণ | | | |
| | এডভান্সড আইসিটি শিক্ষণ | | | |
| | **ব্যবসায় শিক্ষা শাখা** | | | |
| | ব্যবসায় উদ্যোগ শিক্ষণ | | | |
| | হিসাববিজ্ঞান শিক্ষণ | | | |
| | ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষণ | | | |
| | এডভান্সড আইসিটি শিক্ষণ | | | |
| | **বিএমএড শিক্ষার্থীদের জন্য** | | | |
| | আল-কুরআন ও তাজবিদ শিক্ষণ | | | |
| | আল- হাদিস শিক্ষণ | | | |
| | আরবি শিক্ষণ | | | |
| | আকাইদ ও ফিকহ্ শিক্ষণ | | | |
| | এ্যাডভান্সড আইসিটি শিক্ষণ | | | |
| নৈর্বাচনিক বিষয়াবলি | প্রাথমিক শিক্ষা | ৪০ | ৬০ | ১০০ |
| | গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান | | | |
| | চারু ও কারুকলা শিক্ষণ | | | |
| | শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও ক্রীড়া শিক্ষণ | | | |
| | ইসলামের ইতিহাস শিক্ষণ | | | |
| | কৃষি শিক্ষা শিক্ষণ | | | |
| | গার্হস্থ্যবিজ্ঞান শিক্ষণ | | | |
| | ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষণ | | | |
| | হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষণ | | | |
| | বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষণ | | | |
| | খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষণ | | | |
| কম্প্রিহেনসিভ পরীক্ষা | ৬টি আবশ্যিক বিষয়ের উপর ২ ঘণ্টার একটি কম্প্রিহেনসিভ পরীক্ষা | - | ৫০ | ৫০ |
| | | ৫১০ | ৬৯০ | ১২০০ |

ঙ) সেমিস্টার পরীক্ষার প্রশ্নের ধরন ও মানবণ্টন

| অভ্যন্তরীণ-৪০ | চূড়ান্ত -৬০ |
|---|---|
| অভ্যন্তরীণ পরীক্ষা (১টি ০২ ঘন্টাব্যাপি) : ৩০<br>অর্পিত কাজ : ০৫<br>উপস্থিতি : ০৫ | সেমিস্টার ফাইনাল/ চূড়ান্ত পরীক্ষা<br>সংক্ষিপ্ত উত্তরমূলক প্রশ্ন - ২০<br>দীর্ঘ উত্তরমূলক প্রশ্ন -৪০ |

চ) প্রশ্নপত্র প্রনয়ন ও মডারেশন

৫ সদস্য সমন্বয়ে গঠিত পরীক্ষা কমিটি প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন কার্য সম্পন্ন করবে।

ছ) উত্তরপত্র মূল্যায়ন পদ্ধতি

ক) প্রতিটি তত্ত্বীয় কোর্সের উত্তরপত্র একক পরীক্ষক দ্বারা মূল্যায়ন করা হবে এবং প্রধান পরীক্ষক কর্তৃক নিরীক্ষণ করা হবে। তত্ত্বীয় পরীক্ষার অব্যবহিত পরেই ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

খ) ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা পরিচালিত হবে ০২ (দুই) জন অভ্যন্তরীণ ও ০১ (এক) জন বহিঃপরীক্ষক দ্বারা। পরীক্ষকগণ পরীক্ষা চলাকালীন ব্যবহারিক পরীক্ষার খাতা মূল্যায়ন সম্পন্ন করবেন এবং তৎক্ষনাৎ পরীক্ষা নিয়ন্ত্রক ও পরীক্ষা কমিটির সভাপতি বরাবর নম্বরপত্র প্রেরণ করবেন।

জ) চূড়ান্ত পরীক্ষা (মৌখিকসহ) ও প্রশ্নের ধরন

প্রতি সেমিস্টার শেষে বিশ্ববিদ্যালয়ের ঘোষিত সময়ে প্রতিটি কোর্সে ৩ ঘন্টাব্যাপী ৬০ মার্কসের একটি চূড়ান্ত লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। কোর্সের সকল ইউনিট/অধ্যায় থেকে প্রশ্ন করতে হবে। প্রশ্নের ধরন হবে -

ক) সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন ১০টি ১০ × ২ = ২০ মার্কস

খ) রচনামূলক প্রশ্ন ৫টি ৫× ০৮ = ৪০ মার্কস (৮টি প্রশ্ন থাকবে, যেকোন ৫টি প্রশ্নের উত্তর লিখতে হবে।)

অভ্যন্তরীণ ও চূড়ান্ত পরীক্ষায় একজন শিক্ষার্থী ন্যূনতম ৪০% মার্কস অর্জন করলে উত্তীর্ণ বলে গণ্য হবেন। কোন শিক্ষার্থী অনুত্তীর্ণ হলে পরবর্তীতে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হবার সুযোগ পাবেন।

প্রতি শিক্ষাবর্ষে ২য় সেমিস্টার সমাপ্তির পর চূড়ান্ত পরীক্ষা শেষে কম্প্রিহেনসিভ (Comprehensive) পরীক্ষা অনুষ্ঠিত হবে। দুই সেমিস্টারের সকল কোর্স সম্পন্নকারী শিক্ষার্থীবৃন্দ কম্প্রিহেনসিভ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

লিখিত পরীক্ষা: ০২ (দুই) ঘন্টাব্যাপী হবে। ৬টি আবশ্যিক কোর্সের প্রতিটি থেকে একটি করে রচনামূলক প্রশ্নের উত্তর লিখতে হবে। প্রতিটি কোর্সে একটি করে *অথবা* সহ ০২টি প্রশ্ন থাকবে। মোট মার্কস হবে (৬X৫=৩০)। এ ছাড়াও ৬টি আবশ্যিক কোর্সের প্রতিটি থেকে ন্যূনতম ৩টি করে মোট ২০ প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের মান হবে ১ যার মোট মান হবে ২০X১=২০। একজন শিক্ষার্থী ৪০% মার্কস অর্জন করলে উত্তীর্ণ বলে গণ্য হবেন।

মৌখিক পরীক্ষা (Viva Voce): একজন অভ্যন্তরীণ ও একজন বহিঃপরীক্ষকের সমন্বয়ে গঠিত বোর্ডের মাধ্যমে ৫০ মার্কস এর মৌখিক পরীক্ষা (Viva Voce) অনুষ্ঠিত হবে। একজন শিক্ষার্থী ন্যূনতম ৪০% মার্কস অর্জন করলে উত্তীর্ণ বলে গণ্য হবেন।

## ১১। গ্রেডিং সিস্টেম (Grading System)

উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। একজন পরীক্ষার্থীর তত্ত্বীয়, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে লেটার গ্রেড (Letter Grade) ও গ্রেড পয়েন্ট (Grade Point) এ রূপান্তর করা হবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়নের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড ও সমতুল্য গ্রেড পয়েন্ট থাকবে। গ্রেড পয়েন্ট ৪ এর ভিত্তিতে গ্রেডিং পদ্ধতি অনুয়ায়ী গাণিতিক (numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপ-

| Numerical Grade | Letter Grade (LG) | Grade Point (GP) |
|---|---|---|
| 80% or above | A+ (Plus) | 4.00 |
| 75% to less than 80% | A (Plain) | 3.75 |
| 70% to less than 75% | A- (Minus) | 3.50 |
| 65% to less than 70% | B+ (Plus) | 3.25 |
| 60% to less than 65% | B (Plain) | 3.00 |
| 55% to less than 60% | B- (Minus) | 2.75 |
| 50% to less than 55% | C+ (Plus) | 2.50 |
| 45% to less than 50% | C (Plain) | 2.25 |
| 40% to less than 45% | D (Plain) | 2.00 |
| <40%(less than 40%) | F (Fail) | 0.00 |

## ১২। উত্তীর্ণ গ্রেড

শিক্ষার্থীদের জন্য নির্ধারিত সকল তত্ত্বীয় কোর্স, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। শিক্ষার্থীদের জন্য সকল নির্ধারিত তত্ত্বীয় কোর্সে ন্যূনতম ৪০% বা D গ্রেড বা গ্রেড পয়েন্ট ২ অর্জন করতে হবে। যে সকল কোর্সে D বা তদুর্ধ্ব গ্রেড অর্জিত হবে শুধুমাত্র সে কোর্সগুলোর ক্রেডিট ফলাফল গণনায় আনা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত গ্রেড যোগ করে ফলাফল নির্ধারণ করা হবে

## ১৩। জিপিএ (GPA) এবং সিজিপিএ (CGPA) নির্ণয়ের পদ্ধতি

নির্দিষ্ট কোর্সে প্রাপ্ত গ্রেড পয়েন্টকে উক্ত কোর্সের ক্রেডিট দ্বারা পূরণ করে এই কোর্সে অর্জিত পয়েন্ট (PS) নির্ধারণ করা হবে।

উক্ত সকল কোর্সে অর্জিত মোট পয়েন্টকে অর্জিত মোট ক্রেডিট দ্বারা ভাগ করে এক সেমিস্টারের জিপিএ (GPA) নিরূপণ করা হবে। এভাবে সকল সেমিস্টারে অর্জিত মোট পয়েন্টসমূহকে যোগ করে সর্বমোট ক্রেডিট দ্বারা ভাগ করে সিজিপিএ (CGPA) নির্ধারণ করা হবে। D এর নীচে প্রাপ্ত গ্রেডের জন্য কোন ক্রেডিট অর্জিত হবে না।

**Example: Grade Point Average (GPA) Calculation for 1st Semester**

| Course Code No | No. of credits | Marks Obtained (%) | Letter Grade (LG) | Earned Grade Points (EGP) | Earned Points Secured EPS)= No of Credits |
|---|---|---|---|---|---|
| 101 | 4 | 80 | A | 3.50 | Grade Point 14.00 |
| 102 | 4 | 75 | B+ | 3.25 | 13.00 |
| 103 | 4 | 70 | B | 3.00 | 12.00 |
| 104 | 4 | 65 | B- | 2.75 | 11.00 |
| 105 | 4 | 34 | F | 0.00 | 0.00 |

Total Point Secured (TPS) = 50
Attempted Credit
Earned Credit (EC) = 16 (4+4+4+4 = 16)

$$GPA = \frac{\sum PS \text{ (Total Point Secured in a Semester)}}{\sum CR \text{ (Total Credits attempted in a Semester)}}$$

SGPA = TPS/EC = 50/20 = 2.5

Example: Grade Point Average (GPA) Calculation for 2nd Semester:

| Course Code No | No. of Credits | Marks Obtained (%) | Letter Grade (LG) | Earned Grade Points EGP) | Earned Points Secured ( PS)= No of Credits × Grade Point |
|---|---|---|---|---|---|
| 106 | | 75 | B+ | 3.25 | 13.00 |
| 107 | 4 | 70 | B | 3.00 | 12.00 |
| 108 | 4 | 38 | F | 0.00 | 00.00 |
| 109 | 4 | 65 | B- | 2.75 | 11.00 |
| 110 | 4 | 65 | B- | 2.75 | 11.00 |

Total Point Secured (TPS) = 47
Earned Credit (EC) = 16 (3+3+0+4+6=16)
SGPA =TPS/EC= 47/20= 2.35

$$CGPA = \frac{\text{ETPS of (1st Semester + 2nd Semester) + Earned Grade Point/Points}}{\text{Total number of credits completed in the whole program}}$$

## ১৪। উচ্চতর সেমিস্টারে প্রমোশন (১ম সেমিস্টার হতে ২য় সেমিস্টার)

১ম সেমিস্টারের সকল কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করলে শিক্ষার্থী ২য় সেমিস্টারের ক্লাস শুরু করবে। একটি কোর্সে অনুপস্থিত থাকলে শিক্ষার্থী পরবর্তী সোমিস্টারে অংশ নিবে এ শর্তে ২য় সেমিস্টারে প্রমোশন পাবে।

## ১৫। গ্রেড উন্নীতকরণ

(ক) একজন শিক্ষার্থী ১ম ও ২য় সেমিস্টারের অংশগ্রহণ করে সকল কোর্সে D বা এর বেশি পেলে তার সিজিপিএ নির্ধারণ করা হবে। কোন শিক্ষার্থী কোন কোর্সে ১ বা একাধিক কোর্সে F গ্রেড পেলে পরবর্তী সেমিস্টারের পরীক্ষায় F গ্রেড পাওয়া কোর্সে অংশগ্রহণ করতে পারবে। F গ্রেড কে D বা এর বেশি গ্রেডে উন্নয়নের জন্য সর্বোচ্চ ২ বার সুযোগ পাবে। একই সাথে তার C বা D পাওয়া ২টি কোর্সে মান উন্নয়নের সুযোগ পাবে (শুধুমাত্র পরবর্তী বছর) ইন কোর্স বা অভ্যন্তরীণ পরীক্ষার কোন মান উন্নয়ন পরীক্ষার সুযোগ নাই।

(খ) F গ্রেডপ্রাপ্ত কোর্সে একজন শিক্ষার্থী সর্বোচ্চ (১+২) = ৩ বার রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে F গ্রেড কে উচ্চতর গ্রেডে উন্নীত করার সুযোগ পাবে।

(গ) তবে একজন শিক্ষার্থী কোন কোর্সে F গ্রেড পেয়ে পরবর্তীতে পরীক্ষায় অংশ্র গ্রহণ করলে এ ক্ষেত্রে ফলাফল B+ এর বেশি প্রাপ্য হবে না। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করার পর সেই কোর্সগুলোতে মানোন্নয়নের করার আর সুযোগ থাকবে না।

(ঘ) একজন শিক্ষার্থী ফলাফলে অকৃতকার্য হলে ইচ্ছে করলে সকল তত্ত্বীয় কোর্সে পুনরায় অংশ নিতে পারবে সে ক্ষেত্রে মৌখিক, ব্যবহারিক, ইন-কোর্স, অনুশীলনী পাঠদান ) কোর্সের পূর্বে প্রাপ্ত নম্বর বহাল থাকবে। তত্ত্বীয় পরীক্ষার পূর্ববর্তী বছরের প্রাপ্ত সকল নম্বর বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরীক্ষার্থী মান উন্নয়ন পরীক্ষার সুযোগ পাবে।

(ঙ) কোন পরীক্ষার্থী একটি কোর্সে তত্ত্বীয়/ব্যাবহারিক/মৌখিক/অনুশীলন পরীক্ষায় অনুপস্থিত থাকলে শুধুমাত্র পরবর্তী বছর ঐ অনুপস্থিত কোর্সে অংশ গ্রহণের সুযোগ পাবে। একই সাথে অন্যান্য F এবং C পাওয়া কোর্সে অংশ নিতে পারবে।

(চ) ব্যবহারিক মৌখিক ও ইন-কোর্স পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

## ১৬. ডিগ্রিপ্রাপ্তির যোগ্যতা

ব্যাচলর অব এডুকেশন (বিএড/বিএমএড) ডিগ্রি পেতে হলে একজন শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করতে হবেঃ

(ক) শিক্ষার্থীকে কোর্সের সকল (তত্ত্বীয়, ব্যবহারিক, টউটোরিয়াল ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণ করে সকল কোর্সে D বা এর বেশি গ্রেডসহ অব্যশই নূনতম CGPA ২.২৫ পেতে হবে। অন্যথায় তাকে উক্ত প্রোগ্রামে অকতকার্য বল গণ্য করা হবে।

(খ) কোন কোর্সে F গ্রেড থাকতে পারবে না। F গ্রেডপ্রাপ্ত কোর্সকে অবশ্যই কমপক্ষে D গ্রেডে উন্নীত করতে হবে।

## ১৭ . ট্রান্সক্রিপ্টস (Transcripts)

বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে প্রত্যেক সেমিস্টারের ফলাফলের ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে। একাডেমিক ট্রান্সক্রিপ্ট-এ লেটার গ্রেড

সমতুল্য GPA, CGPA দেয়া হবে এবং  ইহাতে কোন গাণিতিক নম্বর থাকবে না।